


পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) বেতন স্কেলে ঢাকা বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারের স্থায়ী মেডিকেল অফিসার (চক্ষু) শূন্য পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে এমবিবিএস পাশসহ চক্ষু বিষয়ে ন্যূনতম ডিপ্লোমা পাশ (ডি.ও) হইতে হইবে। তবে এফ.সি.পি.এস/এম.এস পাশ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। প্রার্থীকে কোন হাসপাতালে বা প্রতিষ্ঠানে অন্ততঃ ৩ (তিন) বৎসরের কাজ করার অভিজ্ঞতা থাকিতে হইবে। এছাড়া যথোপযুক্ত মেডিকেল অফিসার (চক্ষু) প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদের বিপরীতে খন্ডকালীন মেডিকেল অফিসার (চক্ষু) হিসাবে নিয়োগ করা যাইতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ২১-০১-২০১৮ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট (২য় তলা ২০৩ নং কক্ষ) পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।


২৬/১২/১৭